কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪২ সংখ্যা ৮ কলকাতা বুধবার, ১৫ সেপ্টেম্বর ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৯ ভাদ্র ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

রাজ্য পুলিশে
৮৬৩২ কনস্টেবল
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

## দক্ষিণ-পূর্ব-মধ্য রেলে ৪৩২ অ্যাপ্রেন্টিস

৪৩২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দক্ষিণ-পূর্ব-মধ্য রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৬২ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিশিয়ান, ওয়্যারম্যান-সহ বিভিন্ন ট্রেডে। প্রশিক্ষণ দেওয়া হবে বিলাসপুর ডিভিশনে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

**ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ**: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৯০টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ৯টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। স্টেনোগ্রাফার (ইংলিশ): ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। স্টেনোগ্রাফার (হিন্দি): ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। ফিটার: ১২৫টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৪, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ১২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়্যারম্যান: ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধী ও ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রনিক মেকানিক: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক: ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং

এরপর দুইয়ের পাতায়

## ডিভিসি-তে ডাক্তার

জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার পদে ৪৬ জনকে নেবে দামোদর ভ্যালি কর্পোরেশন। চুক্তিতে নিয়োগ করা হবে সংস্থার পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডের বিভিন্ন প্লান্ট এবং স্টেশনে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PLR/2021/02. **শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস, সঙ্গে বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: প্রতি মাসে ৮৩,৫০০ টাকা। এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.dvc.gov.in

## গার্ডেন রিচ শিপবিল্ডার্সে ২৬২ অ্যাপ্রেন্টিস

২৬২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে আই টি আইয়ের বিভিন্ন ট্রেড, ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখা এবং হিউম্যান রিসোর্স শাখায়। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: APP:01/21.

**আসনসংখ্যার বিবরণ: ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই টি আই):** ১৭০টি। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, পাইপ ফিটার, কার্পেন্টার, ড্রাফ্টসম্যান (মেকানিক্যাল), ইলেক্ট্রনিক মেকানিক, পেইন্টার, মেকানিক ডিজেল, ফিটার (স্ট্রাকচারাল), সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ), মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক এবং প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে অল ইন্ডিয়া ট্রেড টেস্টে পাশ করে থাকতে হবে এবং ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার):** ৪০টি। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, পাইপ ফিটার। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** ১৬টি। ট্রেডগুলি হল: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড আই টি, সিভিল। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** ৩০টি।

এরপর দুইয়ের পাতায়

## হাতে তৈরি গয়না পথ দেখাচ্ছে উপার্জনের

**সাবেকি ভারী গয়না নয়, চলতি ট্রেন্ড পোশাকের সঙ্গে মানানসই হাতে তৈরি হালকা জাঙ্ক জুয়েলারি। এই ধরনের গয়না বানিয়ে অনেকেই ভালো ব্যবসা করছেন। শৈল্পিক ও উদ্ভাবনী দক্ষতা থাকলে পারবেন আপনিও। সামনে বাঙালির শ্রেষ্ঠ উৎসব। সময়টাকে কাজে লাগিয়ে নান্দনিক ও রুচিসম্মত গয়না বানিয়ে উপার্জন করতে পারেন।**



**নিজস্ব প্রতিনিধি:** অত্যধিক দাম আর সাবেকি দেখানোর জন্য সোনা, রুপোর গয়না পরার দিন গেছে। এখন পোশাকের সঙ্গে মিলিয়ে জাঙ্ক জুয়েলারি পরার দিকে ঝোঁক। বলা যায় এটাই এখন ফ্যাশন ট্রেন্ড। এই ধরনের ট্রেন্ডি গয়না তৈরি করে বেলঘরিয়ার রঞ্জিতা ভট্টাচার্য, ঝাড়গ্রামের সুচেতনা ঘোষ চৌধুরী, ঝাড়খণ্ডের পিয়ালি পোদ্দার রায় ঘরে বসেই দিব্য উপার্জন করছেন। একইসঙ্গে সংসার-সন্তান সামলে নিজেদের শৈল্পিক চেতনাকেও বাঁচিয়ে রেখেছেন এই কাজের মধ্য দিয়ে। সদ্য কলেজ পেরোনো ছাত্রী সুকন্যা বিশ্বাস ও সুস্মিতা সরকারের মতো অনেকেই এখন এই ধরনের কাজ করছেন।

বর্তমানে সোশ্যাল মিডিয়া এই ছোট আকারের উদ্যোগের জন্য ভালো পরিচিতি পাওয়ার মাধ্যম। নিজেদের কাজের প্রচারের জন্য এঁরা প্রত্যেকেই বেছে নিয়েছেন সোশ্যাল মিডিয়াকে। সামাজিক মাধ্যমে ক্রেতার পছন্দ করা গয়না ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছে দেওয়া হয় ক্রেতার কাছে। গোটা পদ্ধতিটাই অনলাইন হওয়ায়, লকডাউনেও তাঁরা নিজেদের কাজ চালিয়ে যেতে পেরেছেন।

এঁরা প্রায় সকলেই শুরুতে শখ করে নিজেদের ব্যবহারের জন্য একটু অন্য ধরনের গয়না বানাতে শুরু করেন। ক্রমশ তাঁদের স্বতন্ত্র শৈল্পিক ভাবনায় তৈরি গয়না পরিচিতদের মধ্যে প্রশংসা পায় এবং নাম ছড়ায়। একদা অবসর সময় কাটানোর কাজ আজ তাঁদের আয়ের পথ দেখাচ্ছে।

শৈল্পিক মানসিকতা আর উদ্ভাবনী ক্ষমতা থাকলে যে-কেউ এই ধরনের গয়না তৈরি করে বিক্রি করতে পারেন। সে ক্ষেত্রে তাঁরা সুকন্যা, সুস্মিতা, রঞ্জিতা, সুচেতনা, পিয়ালি বা এঁদের মতো যাঁরা শৌখিন গয়না তৈরিতে ইতিমধ্যেই সিদ্ধহস্ত এবং প্রতিষ্ঠিত, তাঁদের সঙ্গে যোগাযোগ করে গয়না তৈরির কৃৎকৌশলের বিষয়ে পরামর্শ করতে পারেন। আবার এঁদের তৈরি গয়না কিনে বিক্রিও করতে পারেন।

সামনেই দুর্গাপুজো। উৎসব উপলক্ষে কেনাকাটা চলবেই। উৎসবের দিনগুলিতে অধিকাংশ মহিলা সাজের সঙ্গে মানানসই জাঙ্ক জুয়েলারি পরতে ভালোবাসেন। নতুন করে ব্যবসা বা কাজ শুরু করার কথা ভাবলে এই সময়টা নির্বাচন করতে পারেন। এই মুহূর্তে নিজে এই ধরনের গয়না তৈরির পরিকাঠামো

এরপর দুইয়ের পাতায়

## র‍্যালির মাধ্যমে অসম রাইফেলসে ১২৩০

হাবিলদার, রাইফেলম্যান (কুক), রাইফেলম্যান (সাফাই)-সহ বিভিন্ন পদে ১,২৩০ জনকে নেবে অসম রাইফেলস। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে শূন্যপদ ৫০টি। প্রার্থী বাছাই করা হবে র‍্যালির মাধ্যমে। র‍্যালি শুরু হবে ১ ডিসেম্বর থেকে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: I.12016/Rect Branch/2021-22/656.

**পশ্চিমবঙ্গের শূন্যপদের বিবরণ:** হাবিলদার (ক্লার্ক) ৯টি, রাইফেলম্যান (ইলেক্ট্রিক্যাল ফিটার সিগনাল) ২টি, রাইফেলম্যান (লাইনম্যান ফিল্ড) ১টি, রাইফেলম্যান (ইলেক্ট্রিশিয়ান মেকানিক ভেহিক্যল) ১টি, হাবিলদার (ইনস্ট্রুমেন্ট রিপেয়ারার/মেকানিক) ১টি, রাইফেলম্যান (ভেহিক্যল মেকানিক) ১টি, রাইফেলম্যান (আপহোলস্টার) ১টি, নায়েব সুবেদার (ব্রিজ অ্যান্ড রোড) ১টি, রাইফেলম্যান (ইলেক্ট্রিশিয়ান) ২টি, রাইফেলম্যান (প্লাম্বার) ২টি, হাবিলদার (সার্ভেয়র) ২টি, ওয়ারেন্ট অফিসার (ফার্মাসিস্ট) ৩টি, হাবিলদার (এক্স-রে অ্যাসিস্ট্যান্ট) ২টি, রাইফেলম্যান (বার্বার) ৩টি, রাইফেলম্যান (কুক) ১৪টি, রাইফেলম্যান (মশালচি) ১টি, রাইফেলম্যান (সাফাই) ৪টি (পুরুষ)।

র‍্যালিতে নথিপত্র যাচাইয়ের পর দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা, প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.assamrifles.gov.in. দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নৌবাহিনীতে ১৭৬

ট্রেনিং দিয়ে ১৭৬ জন অবিবাহিত তরুণ-তরুণীকে টেকনিক্যাল, এক্সিকিউটিভ এবং এডুকেশন ব্রাঞ্চে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ করা হবে শর্ট সার্ভিস কমিশনে। ট্রেনিং শুরু হবে ২০২২-এর জুনে। প্রবেশন ২ বছরের।

**শূন্যপদের বিবরণ: এক্সিকিউটিভ ব্রাঞ্চ: এস এস সি জেনারেল সার্ভিস (জি এস-এক্স) /হাইড্রোলজিস্ট:** শূন্যপদ: জেনারেল সার্ভিস ৪৩টি, হাইড্রোলজিস্ট ২টি। শুধু পুরুষরা আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক।

**এয়ার ট্রাফিক কন্ট্রোলার:** ৪টি, **অবজার্ভার:** ৮টি, **পাইলট:** ১৫টি। পুরুষ ও মহিলা উভয়েই আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**লজিস্টিক্স:** শূন্যপদ ১৮টি। পুরুষ ও মহিলা উভয়েই আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক। অথবা এম বি এ। অথবা এম সি এ বা আই টি-তে এম এসসি। অথবা বি এসসি বা বি কম বা আই টি-তে বি এসসি, সঙ্গে সাপ্লাই চেন ম্যানেজমেন্ট বা মেটেরিয়াল ম্যানেজমেন্ট বা ফিনান্স বা লজিস্টিক্সে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পাশ।

এরপর তিনের পাতায়

## মেকনে ইঞ্জিনিয়ার

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার, মেকানিক্যাল ইঞ্জিনিয়ার, মাইনিং ইঞ্জিনিয়ার এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার (সিভিল) পদে ৯৩ জনকে নেবে মেকন লিমিটেড। নিয়োগ করা হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 11.73.4.1/2021/Cont/02.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ১৬: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার-পাওয়ার প্লান্ট:** ৩৬টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক। সঙ্গে এন পি টি আই থেকে থার্মাল প্লান্ট অপারেশন, সিমুলেটর ট্রেনিং, ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন ম্যানেজমেন্ট, পাওয়ার প্লান্ট ইঞ্জিনিয়ারিং, ডিস্ট্রিবিউশন ইঞ্জিনিয়ারিং, ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমস বা সমতুল বিষয়-সংক্রান্ত অন্তত ২৬ সপ্তাহের প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এন পি টি আই থেকে পাওয়ার প্লান্ট ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা পাশ প্রার্থীদের অগ্রাধিকার।

**পোস্ট কোড ১৭: মেকানিক্যাল ইঞ্জিনিয়ার-পাওয়ার প্লান্ট:** ৪৪টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, থার্মাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক। সঙ্গে এন পি টি আই থেকে থার্মাল প্লান্ট অপারেশন, সিমুলেটর ট্রেনিং, ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন ম্যানেজমেন্ট, পাওয়ার প্লান্ট ইঞ্জিনিয়ারিং, ডিস্ট্রিবিউশন ইঞ্জিনিয়ারিং, ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমস বা সমতুল বিষয় সংক্রান্ত অন্তত ২৬ সপ্তাহের প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এন পি টি আই থেকে পাওয়ার প্লান্ট ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা পাশ প্রার্থীদের অগ্রাধিকার।

এরপর দুইয়ের পাতায়

# ভর্তি চলিতেছে




## স্বামী বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়

www.swamivivekanandauniversity.ac.in

| বিশ্ববিদ্যালয়ের কোর্স সমূহ ঃ | | বি. বি. এ | সাইকোলজি |
|---|---|---|---|
| ডিপ্লোমা | পি. এইচ. ডি | বি. সি. এ | অপটোমেট্রি |
| বি. টেক | এগরিকালচার | এম. বি. এ | হসপিটাল ম্যানেজমেন্ট |
| এম. টেক | ফিজিওথেরাপি | এম. সি. এ | নিউট্রিশান |

## স্বামী বিবেকানন্দ গ্রুপ অফ ইনস্টিটিউট

Driven by his mission

কলেজ ক্যাম্পাস ঃ সোনারপুর, বারুইপুর

## রিজেন্ট এডুকেশন এ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন

কলেজ ক্যাম্পাস ঃ ব্যারাকপুর






www.svist.org

www.rerf.in

### কোর্স সমূহ ঃ

| বি-টেক | | পলিটেকনিক | | বি.এস.সি | এম.এস.সি. | | এম.বি.এ | | বি. সি. এ. |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সিভিল | | | | বায়োটেকনোলজি (অনার্স) | কম্পিউটার সায়েন্স | মিডিয়া | মার্কেটিং | এইচ আর | |
| মেকানিক্যাল | কম্পিউটার | মেকানিক্যাল | সিভিল | মাইক্রোবায়োলজি (অনার্স) | বায়োটেকনোলজি | সায়েন্স | সিস্টেমস | ফিনান্স | বি. বি. এ. |
| ইলেক্ট্রিক্যাল | ইলেক্ট্রনিক্স | আর্কিটেকচার | কম্পিউটার | হোটেল এ্যান্ড হসপিটালিটি এ্যাডমিনিস্ট্রেশান | | | | | |
| | | ইলেক্ট্রিক্যাল | ইলেক্ট্রনিক্স | | | | | | |

APPROVED BY AICTE | AFFILIATED TO MAKAUT AND WBSCTE | NAAC ACCREDITED

নিয়োগকারী কোম্পানি

ELMECH, Cognizant, VALUE PROSPECTS, WIPRO, IBM, TATA CONSULTANCY SERVICES, Infosys, RASHMI GROUP, SYNTEL, VIDEOCON d2h, Mindtree, amazon, Tech Mahindra, accenture, HCL, Tractors India, GENPACT

## iti Industrial Training Institute

**সময়সীমা ঃ ২ বৎসর**

**ন্যূনতম যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ**

অনলাইন ও অফলাইন দুইভাবেই ভর্তি চলিতেছে

Skill India কৌশল ভারত - কুশল ভারত

### আমাদের কোর্স গুলি

| | | | |
|---|---|---|---|
| | কোপা | প্লাম্বার | সার্ভেওর |
| ইলেকট্রনিক মেকানিক | ওয়েল্ডার | ফিটার | ড্রেস মেকিং |
| ড্রাফটসম্যান মেকানিক্যাল | সয়িং টেকনোলজি | | ওয়ারম্যান |
| মেকানিক আর. এ. সি. | ইলেকট্রিশিয়ান | | আর. এ. সি. |
| বেসিক কসমেটোলজি | মেকানিক ডিজেল ইঞ্জিন | | এম এম ভি |



### আমাদের শাখা

- ক্যানিং-১
- ক্যানিং-২
- বাসন্তী
- হালিশহর
- বারাসাত
- আমডাঙা
- কুমারগঞ্জ
- তপন
- হিলি

**ভর্তি সংক্রান্ত অনুসন্ধান ঃ 9831084446 / 7044086270**

